

# কালের বর্গ

## হাবিপ্রবিতে সংঘর্ষের ঘটনায় মামলা, ৪ শিক্ষার্থী গ্রেপ্তার

দিনাজপুর প্রতিনিধি

২৩ মে, ২০২৬ ১৬:৫৮



দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) দুই হলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় পুলিশ চারজন শিক্ষার্থীকে গ্রেপ্তার করেছে।

শুক্রবার (২২ মে) দিবাগত রাতে মামলা হওয়ার পর ভোর পর্যন্ত অভিযান চালিয়ে পুলিশ তাদের গ্রেপ্তার করে।

গ্রেপ্তারকৃতরা হলেন ভেটেরিনারি অনুষদের ২০ ব্যাচের শিক্ষার্থী আসিফ হোসেন কাফি (২৬), রসায়ন বিভাগের ২১ ব্যাচের শিক্ষার্থী মো. সোহেল রানা (২৫), ভেটেরিনারি অনুষদের ২০ ব্যাচের শিক্ষার্থী সামিউল ইসলাম শামস (২৮) এবং অর্থনীতি বিভাগের ২২ ব্যাচের শিক্ষার্থী শাকির মাহমুদ (২৩)।

এর আগে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. নওশের ওয়ান বাদী হয়ে সাতজনের নাম উল্লেখ করে এবং ১০০-১২০ জন অজ্ঞাতনামা শিক্ষার্থীকে আসামি

করে মামলা করেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, বৃহস্পতিবার দুপুরে শহীদ নূর হোসেন হল ও শহীদ আবরার ফাহাদ হলের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় শতাধিক শিক্ষার্থী দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে শহীদ নূর হোসেন হলের অভ্যন্তরে ভাঙচুর চালিয়ে প্রায় তিন থেকে সাড়ে তিন লাখ টাকার সরকারি সম্পদ ক্ষতিগ্রস্ত করে। হামলায় সহকারী প্রক্টর মবিনুল ইসলামসহ তিনজন আহত হন। এ সময় তাদের ভয়ভীতি প্রদর্শনের অভিযোগও রয়েছে।

## আরো পড়ুন



কুড়িগ্রামের বাংটুর ঘাটে সেতুর সম্ভাব্যতা যাচাইয়ে চীনা প্রতিনিধিদল

-

মামলার বিষয়ে দিনাজপুর কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নূরনবী জানান, এখন পর্যন্ত চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। বাকিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।